

‘ইএফটি বিড়ম্বনায় বেতন-বোনাস পরিশোধ না করা শিক্ষকদের সঙ্গে নির্মমতা’

বাংলাদেশ মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতির বিবৃতি



লোগো

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২৪ মার্চ ২০২৫ | ১৫:৩৯



ইএফটি বিড়ম্বনায় বেতন-বোনাস পরিশোধ না করা শিক্ষকদের ওপর নির্মমতা বলে মন্তব্য করেছেন বাংলাদেশ মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতি। সংগঠনটির কেন্দ্রীয় কমিটির সভাপতি জাহাঙ্গীর হোসেন ও সাধারণ সম্পাদক নূরে আলম বিপ্লব

এক যৌথ বিবৃতিতে এ মন্তব্য করেন।

নেতৃবৃন্দ বিবৃতিতে বলেন, ইএফটিতে বেতন প্রক্রিয়া চলমান রাখার অজুহাতে এমপিওভুক্ত শিক্ষকদের চার মাস অতিবাহিত হচ্ছে। কিন্তু বেতন-ভাতাদি দেওয়া হচ্ছে না। এতে শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবনযাপন করছে। সরকারি-বেসরকারি সকল দপ্তরের বেতন হচ্ছে অথচ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন হচ্ছে না। ইএফটি প্রক্রিয়ার কাজ সম্পাদন করার পাশাপাশি বেতন চলমান রাখা উচিত ছিল।

তারা বলেন, ইএফটি প্রক্রিয়ায় কাজ বেতন আনতে দেশের আর কোনো সরকারি খাতের কর্মচারী-কর্মকর্তাগণ এমন বিড়ম্বনা ও নির্যাতনের শিকার হয়নি। এমপিওভুক্ত শিক্ষকদের ওপর যা করা হচ্ছে তা ত্রীতদাস প্রথাকেও হার মানিয়েছে। সরকারের মধ্যে অবস্থান করা কোনো এক কুচক্রী মহল সরকারকে বেকায়দায় ফেলতে এমন সব পদক্ষেপ হয়তো নিচ্ছেন। এসব হীন অপকর্মের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।

নেতৃবৃন্দ চলতি সপ্তাহে অর্থাৎ ২৭ মার্চের মধ্যে মার্চ মাসের বেতন, উৎসব বোনাসসহ সকল প্রকার পাওনা পরিশোধ করতে অন্তর্বর্তী সরকারের প্রতি উদাত্ত আহ্বান জানান। এর ব্যত্যয় ঘটলে ক্লাস বর্জনসহ পরীক্ষা বর্জনেরও হুমকি দেন।